# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 13 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি'র (রুরু) ২০২৪-২৫ মেয়াদের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে।কমিটিতে চ্যানেল২৪'র বিশ্ববিদ্যালয় প্রতিনিধি সোহাগ আলীকে সভাপতি ও সময়ের আলোর প্রতিনিধি আলজাবের আহমেদকে সাধারণ সম্পাদক হিসেবে ঘোষণা করা হয়েছে।

রবিবার (১৩ এপ্রিল) রাত সাড়ে ৮টায় রাকসু ভবনে অবস্থিত রিপোর্টার্স ইউনিটি'র নিজস্ব কার্যালয়ে বার্ষিক সাধারণ সভা শেষে সদ্য বিদায়ী কমিটির সভাপতি লাবু হক ও সাধারণ সম্পাদক মারুফ হাসান ১৪ সদস্য বিশিষ্ট এ কমিটি ঘোষণা করেন।

কমিটির অন্য সদস্যরা হলেন- সহ-সভাপতি রায়হান ইসলাম (বাংলাদেশ প্রতিদিন) ও আছিয়া খাতুন (খোলা কাগজ/বার্তা২৪), যুগ্ম-সাধারণ সম্পাদক-১ নূর আহসান মৃদুল (দ্য ডেইলি স্টার), যুগ্ম সাধারণ সম্পাদক-২ মাহবুব বিল্লাহ (দি বাংলাদেশ টুডে), অর্থ-সম্পাদক ইবতেসাম শান্ত (দৈনিক আমাদের সময়), সাংগঠনিক সম্পাদক আলিম খান (সময়ের কণ্ঠস্বর), সহ-সাংগঠনিক সম্পাদক আল ফাহাদ (খবর সংযোগ), প্রশিক্ষণ বিষয়ক সম্পাদক আরিফ উজ জামান কোরবান (পদ্মা টাইমস), দপ্তর সম্পাদক দীন ইসলাম (দৈনিক জনবাণী) এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক তারিফুল ইসলাম (আরটিভি নিউজ)।

কমিটিতে কার্যনির্বাহী সদস্য হিসেবে আছেন- ইনসান আলী (ডেইলি ইংলিশ টাইমস) ও নাজমুল হুদা (যুগের কণ্ঠস্বর)।এছাড়া সদ্যবিদায়ী সভাপতি লাবু হক (বাংলা ট্রিবিউন) ও সাধারণ সম্পাদক মারুফ হাসান (দৈনিক সংবাদ) কমিটিতে উপদেষ্টা হিসেবে আছেন।

রাজশাহী বিশ্ববিদ্যালয় রিপোর্টার্স ইউনিটি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 14:47

URL: https://timestodaybd.com/campus/7309188